বিদেশ ও বস্ত্র প্রতিমন্ত্রী শ্রী পবিত্র মার্গারিটার স্পেন সফর (3-5 নভেম্বর, 2026)

বিদেশ ও বস্ত্র প্রতিমন্ত্রী [এমওএস (পিএম)] শ্রী পবিত্র মার্গারিটা 3-5 নভেম্বর 2026 তারিখে স্পেনে সরকারি সফর করেন।

2. এই সফরের সময়, এমওএস (পিএম) স্পেন দ্বারা আয়োজিত আইবেরো-আমেরিকান সম্মেলনের 30তম সামিটে অংশগ্রহণ করেন। ভারত এই সম্মেলনে সহযোগী পর্যবেক্ষক হিসাবে যোগদান করে।

3. প্রতিমন্ত্রী, স্পেনের বিদেশমন্ত্রী মহামহিম শ্রী হোসে ম্যানুয়েল আলবারেস দ্বারা আয়োজিত সহযোগী ও পরামর্শমূলক পর্যবেক্ষকদের নিয়ে অনুষ্ঠিত উচ্চ স্তরের মন্ত্রী পর্যায়ের বৈঠকে ভারতের বক্তব্য তুলে ধরেন। তিনি প্রযুক্তি, উন্নয়নমূলক সহযোগিতা, দুর্যোগ ব্যবস্থাপনা, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় সক্ষমতা বৃদ্ধি-সহ বিভিন্ন ক্ষেত্রে ভারতের শক্তিশালী দিকগুলি তুলে ধরেন এবং ভারত ও ল্যাটিন আমেরিকার দেশগুলির মধ্যে সম্ভাব্য সহযোগিতার গুরুত্বপূর্ণ ক্ষেত্রগুলি চিহ্নিত করেন যার মধ্যে শিক্ষা, বিজ্ঞান ও প্রযুক্তি, সংস্কৃতি-সহ বিভিন্ন ক্ষেত্রে সহযোগিতার প্রস্তাবও অন্তর্ভুক্ত ছিল।

4. এছাড়াও, প্রতিমন্ত্রী মাদ্রিদে মহাত্মা গান্ধীর মূর্তিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা নিবেদন করেন এবং সেখানে বসবাসকারী ভারতীয় সম্প্রদায়ের সদস্যদের সঙ্গে মতবিনিময় করেন। তিনি 2047 সালের মধ্যে বিকশিত ভারত গড়ে তোলার ক্ষেত্রে মাননীয় প্রধানমন্ত্রীর স্বপ্ন বাস্তবায়নে ভারতীয় প্রবাসীদের গুরুত্বপূর্ণ অবদানের কথা তুলে ধরেন। এই সফরের পাশাপাশি, প্রতিমন্ত্রী কলম্বিয়া ও বলিভিয়ার বিদেশমন্ত্রী, অ্যাসোসিয়েশন অফ ক্যারিবিয়ান স্টেটসের সেক্রেটারি জেনারেল এবং স্পেনের উপ-বিদেশমন্ত্রীর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করেন। এই সফর ভারত-স্পেন সংস্কৃতি, পর্যটন ও কৃত্রিম বুদ্ধিমত্তার যৌথ বর্ষ উদ্‌যাপনের ধারাবাহিকতায় এক গুরুত্বপূর্ণ মাইলফলক হিসেবে চিহ্নিত হয়েছে।

মাদ্রিদ

06 নভেম্বর, 2026